দৈনিক সংবাদ

২৩/৮/২০০২

তারিখ ...

পৃঃ ১০ কলাম ৭

# সেনাকল্যাণ সংস্থার বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

সেনাকল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তানদের কাছ থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণী. পলিটেকনিক, পিটিআই. হোমিওপ্যাথ, নার্সিং, মেরিন ডিপ্লোমা ও অন্যান্য কোর্স ইত্যাদিতে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে বৃত্তি প্রদানের জন্য লেটার গ্রেড এ+ থেকে সি লেটার গ্রেডপ্রাপ্ত ছাত্রছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করেছে। সকল পর্যায়ে একই পরিবারে একই সময়ে ২ জনের বেশি আবেদন করতে পারবে না। অবসর গ্রহণের পরে জন্মগ্রহণকারী সন্তানরা বৃত্তি পাওয়ার যোগ্য নয়।

সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ডগুলো এবং সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, সেনাকল্যাণ ভবন, ১৯৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা থেকে পেনশন বা অবসরপ্রাপ্তির সনদপত্র দেখিয়ে নির্ধারিত আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে। ২০শে ডিসেম্বরের মধ্যে জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে আবেদনপত্র জমা দিতে হবে। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড থেকে পূরণকৃত আবেদনপত্র ৩১শে ডিসেম্বরের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ের কল্যাণ পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

উচ্চ মাধ্যমিক ও ডিপ্লোমা পর্যায় বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের ২য় বর্ষে ও অন্যান্য কোর্স অনুযায়ী পরবর্তী বর্ষের উত্তীর্ণ/নম্বরপত্র অধ্যক্ষের মাধ্যমে ৩১শে ডিসেম্বরের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিলে তাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য নবায়ন করা হবে। উত্তীর্ণ/নম্বরপত্র ফটোকপি হলে তা অবশ্যই অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ দ্বারা সত্যায়িত হতে হবে। উত্তীর্ণের পত্র বা নম্বরপত্রে ছাত্রছাত্রীর নাম, বৃত্তির নম্বরসহ পিতার নাম ও সংশ্লিষ্ট বাহিনীর নম্বর ও পদবি অবশ্যই লিপিবদ্ধ করতে হবে। আইএসপিআর।